গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন

৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।

www.ccb.gov.bd

তারিখঃ ২৪ ফেব্রুয়ারী ২০২২
১১ ফাল্গুন ১৪২৮

প্রেস রিলিজ

আজ ২৪ ফেব্রুয়ারি ২০২২ খ্রিঃ রোজ- বৃহস্পতিবার বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন কর্তৃক আয়োজিত "ফার্মাসিউটিক্যাল সেক্টরের বাজার সম্পর্কীত ঔষধ প্রশাসন অধিদপ্তর এর সাথে মতবিনিময় সভা" বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। সভার সভাপতিত্ব করেন বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন এর সম্মানিত চেয়ারপার্সন জনাব মোঃ মফিজুল ইসলাম। এছাড়াও উপস্থিত ছিলেন কমিশনের বিজ্ঞ সদম্যমন্ডলী জনাব জি. এম. সালেহ উদ্দিন, ড. এ এফ এম মনজুর কাদির, জনাব নাসরিন বেগম, ঔষধ প্রশাসন অধিদপ্তরের পরিচালক জনাব মোহাম্মদ মোজাম্মেল হোসেন, বাংলাদেশ ঔষধ শিল্প সমিতির জি. এম জনাব আবু তাহের, জাতীয় রাজস্ব বোর্ডের উপকমিশনার জনাব ফরিদ আল মামুন, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপপরিচালক জনাব মোহাম্মদ মামুন, বাণিজ্য মন্ত্রণালয়ের উপসচিব জনাব তানভীর আহমেদ, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা উপপরিচালক জনাব মোঃ ফরহাদ হোসেন, কেন্দ্রীয় ঔষধাগারের সহকারী পরিচালক ডা. তানভীর আহমেদ চৌধুরী এবং কমিশনের অন্যান্য কর্মকর্তাবৃন্দ।

সভায় ঔষধের মূল্যের তারতম্য পর্যালোচনা, ভেজাল ঔষধ মনিটরিং, আমদানি রপ্তানি, করোনা চিকিৎসায় ব্যবহৃত ঔধধের মূল্য, গুনগত মান ও মূল্যের সামঞ্জস্য, প্রতারণামূলক বাজার মূল্য ইত্যাদি বিষয়ে সার্বিক আলোচনা করা হয়।

উক্ত সভায় ঔষধ প্রশাসন অধিদপ্তরের পরিচালক জনাব মোহাম্মদ মোজাম্মেল হোসেন ঔষধ উৎপাদন, বিতরণ, আমদানি, রপ্তানি, মেডিক্যাল ডিভাইস মনিটরিংসহ সংশ্লিষ্ট বিষয়সমূহ তুলে ধরে একটি পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন প্রদান করেন। তিনি জানান যে, ঔষধ প্রশাসন অধিদপ্তর নিয়মিতভাবে ফার্মেসী এবং ঔষধ কারখানায় পরিদর্শন, অভিযান পরিচালনা ও মনিটরিংসহ মানবহির্ভূত ও নকল- ভেজাল ঔষধ সনাক্তকরণে কার্যক্রম অব্যাহত রেখেছে।

কমিশনের বিজ্ঞ সদস্য জনাব জি. এম. সালেহ উদ্দিন, ড. এফ এম মনজুর কাদির এবং জনাব নাসরিন বেগম ঔষধের পাইকারী ও খুচরা মূল্যের তারতম্য ঔষধের গুনাগুন এবং কৃত্রিম সংকট, সাপ্লাই চেইনে সীমাবদ্ধতা ইত্যাদি বিষয়ে আলোচনা করেন।

সভায় সভাপতির বক্তব্যে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের চেয়ারপার্সন জনাব মোঃ মফিজুল ইসলাম বাজারে ঔষধের মূল্যের ক্ষেত্রে সাপ্লাই চেইনের কোনো পর্যায়ে কার্টেল অথবা কোন বিরুপ প্রভাবের অস্তিত্ব বিদ্যমান আছে কিনা এবং ঔষধের বাজারে প্রতিযোগিতা পরিপন্থী অনুশীলন রয়েছে কিনা তা সনাক্ত করার জন্য অনুরোধ জানান। সভাপতি বাজারকে প্রতিযোগিতাপূর্ণ করার লক্ষ্যে ঔষধ প্রশাসন অধিদপ্তরসহ সংশ্লিষ্ট অন্যান্য দপ্তর/সংস্থার সমন্বয় ও সহযোগিতা কামনা করে আজকের সভার সমাপ্তি ঘোষণা করেন।

24/02/2022

(শেখ রুবেল)
জনসংযোগ কর্মকর্তা
E-mail: librarian@ccb.gov.bd